গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাজেট শাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৪.৯৯.০০৩.২৩.৮০৭

তারিখ: ০৩ আষাঢ় ১৪৩২ / ১৭ জুন ২০২৫

বিষয়: "শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীবৃন্দের জন্য বিশেষ অনুদান" খাতে বরাদ্দকৃত অর্থ বিতরণের লক্ষ্যে শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের চূড়ান্ত তালিকা প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২৪-২৫ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীবৃন্দের জন্য বিশেষ অনুদান" খাতে বরাদ্দকৃত অর্থ বিতরণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে সংযুক্ত তালিকা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠান- ১০১ টি, শিক্ষক-কর্মচারী- ২৫০ জন এবং মোট ৬৭৪৯ জন শিক্ষার্থীকে (৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণির শিক্ষার্থী- ২৪৫০ জন, ৯ম থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থী- ১৫৯৭ জন, একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী- ১৪২৮ জন এবং স্নাতক ও তদুর্ধ্ব পর্যায়ের শিক্ষার্থী- ১২৭৪ জন) নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো:

শর্তসমূহ:

(১) মনোনীত ১০১ টি শিক্ষা প্রতিষ্ঠান প্রত্যেকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা প্রাপ্য হবে;

(২) মনোনীত ২৫০ জন শিক্ষক-কর্মচারী প্রত্যেকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা প্রাপ্য হবে;

(৩) ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির মনোনীত ৪০৪৭ জন ছাত্র-ছাত্রী প্রত্যেকে ৮,০০০/- (আট হাজার) টাকা প্রাপ্য হবে;

(৪) একাদশ ও দ্বাদশ শ্রেণির ১৪২৮ জন ছাত্র-ছাত্রী প্রত্যেকে ৯,০০০/- (নয় হাজার) টাকা প্রাপ্য হবে;

(৫) স্নাতক ও তদ্ধুর্ধ পর্যায়ে ১২৭৪ জন ছাত্র-ছাত্রী প্রত্যেকে ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রাপ্য হবে;

(৬) বরাদ্দকৃত অর্থ বাংলাদেশ ডাক বিভাগের ডিজিটাল ফিনান্সিয়াল সার্ভিস 'নগদ' কর্তৃক মনোনীত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব ব্যাংক হিসাবে অনলাইন এর মাধ্যমে এবং শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে মোবাইল ব্যাংকিং নগদ এর মাধ্যমে বিতরণ করা হবে।

সংযুক্তিসমূহ:

(ক) মনোনীত ১০১ টি শিক্ষা প্রতিষ্ঠানের নামের তালিকা (০৫ পৃষ্ঠা);
(খ) মনোনীত ২৫০ জন শিক্ষক-কর্মচারীর নামের তালিকা (১২ পৃষ্ঠা);
(গ) মনোনীত ২৪৫০ জন ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণির ছাত্রছাত্রীর নামের তালিকা (৯৭ পৃষ্ঠা);
(ঘ) মনোনীত ১৫৯৭ জন ৯ম থেকে ১০ম শ্রেণির ছাত্রছাত্রীর নামের তালিকা (৮৫ পৃষ্ঠা);
(ঙ) মনোনীত ১৪২৮ জন একাদশ থেকে দ্বাদশ শ্রেণির ছাত্রছাত্রীর নামের তালিকা (৫৩ পৃষ্ঠা);
(চ) মনোনীত ১২৭৪ জন স্নাতক ও তদ্ধুর্ধ পর্যায়ে ছাত্রছাত্রীর নামের তালিকা (৬৪ পৃষ্ঠা)।

১৭/৬/২০২৫

(লিউজা-উল-জান্নাহ)
উপসচিব
ফোন: ৯৫১২২০৫
ইমেইল: moebudgetsection@gmail.com